**Series ΨYZXW/C** **Set-4**

**Q.P. Code 7**

Roll No. ☐☐☐☐☐☐☐☐

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা* *সর্বমোট অঙ্ক : **80***

*Time allowed : **3** hours* *Maximum Marks : **80***

- Please check that this question paper contains **19** printed pages.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the serial number of the question in the answer-book before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

***General Instructions :***

*(i)* *The Question Paper is divided into **two** parts.*

*Part A : Objective type questions (MCQ)* *40 Marks*

*Part B : Descriptive type questions* *40 Marks*

*(ii)* *Part A has **three** sections :*

*Section A : Reading (Unseen Comprehension)* *12 Marks*

*Section B : Grammar* *18 Marks*

*Section C : Main Course Book* *10 Marks*

*(iii)* *Part B has two sections :*

*Section B1 : Supplementary Reader/Non-Detailed Text* *30 Marks*

*Section B2 : Creative Writing* *10 Marks*

**PART A : Objective Type Questions (MCQ)** **40 Marks**

**SECTION A : Reading (Unseen Comprehension)**

**1.** নীচের চারটি অনুচ্ছেদ থেকে যে-কোনো ***তিনটি*** অনুচ্ছেদ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। (MCQ) (Any ***three***) *3×4=12*

A. যারা সমস্ত পরিবার নিয়ে এক দেশ থেকে আর এক দেশে ঘুরে ঘুরে বেড়ায়, তারাই হল বেদে-বেদেনীর দল। ভারতের যারাবর জাতিকেই 'বেদে' বলে। বৈদ্য কথাটি থেকে বেদের চলন হয়েছে। বেদেরা বৈদ্যের মতো অর্থাৎ চিকিৎসকের মতো নানারকম দুস্প্রাপ্য গাছ-গাছড়া নিয়ে আয়ুর্বেদীয় ও কবিরাজি চিকিৎসা করত। পরে বৈদ্যের কাজ ছাড়াও অন্য কাজও করতে আরম্ভ করে। বৈদ্যের বদলে 'বেদে' নামটাই থেকে যায়।

আরবদেশের যাযাবর জাতিকে বলে বেদুইন। ইউরোপের যাযাবর জাতি বা বেদের দলকে বলে জিপ্‌সি। মিশর দেশের ইংরেজি নাম ইজিপ্ট। ইজিপ্টের 'জিপ্‌' শব্দ থেকে জিপ্‌সির উৎপত্তি হয়েছে। কারণ, বহু বছর আগে মিশর অর্থাৎ ইজিপ্ট থেকে জিপ্‌সির দল সারা পৃথিবীতে ছড়িয়ে পড়ে। তারও প্রায় এক হাজার বছর আগে ভারতের উত্তর-পশ্চিম দিক থেকে বেদের দল সেখান থেকে বেরিয়ে গিয়ে অন্যান্য দেশে বাস করতে

আরম্ভ করে । এরাই হল আসল বেদের দল । এদের কিছু দল যায় পারস্যদেশে, কিছু যায় তুরস্কে । বাকি সিরিয়া, মিশর ও উত্তর-আফ্রিকায় গিয়ে বাস শুরু করে । ভারত থেকেই এদের উৎপত্তি বলে ভারতের আদিভাষা সংস্কৃত ভাষার মতোই একরকম ভাষা এরা ব্যবহার করত ।

বংশবৃদ্ধির সঙ্গে সঙ্গে বেদের দল রাশিয়া, হাঙ্গেরি, জার্মানি, ফ্রান্স, ইংল্যান্ড, স্পেন, সুইডেন এবং ফিন্‌ল্যান্ডেও লম্বালম্বি পাড়ি দেয় । যে যে দেশে ওরা যেত, সেখানকার স্থানীয় ভাষা ও ভারতের সংস্কৃতভাষা মিশিয়ে ওরা কথাবার্তা বলত ।

ইংরেজি ভাষায় জিপ্‌সিকে বলে 'রোম্যানি' । বেদের ভাষায় বলে 'ভার্‌দো' ।

(i) গদ্যাংশটির প্রধান আলোচ্য বিষয় কী ?

(a) বেদে সম্প্রদায়ের শক্তি ও সাহস

(b) বেদে সম্প্রদায়ের উৎপত্তি ও বিস্তার

(c) বেদে সম্প্রদায়ের স্বভাব-চরিত্র

(d) বেদে সম্প্রদায়ের নিয়ম-কানুন

(ii) বেদের দল প্রথম কোন দেশ থেকে বেরিয়ে ক্রমশ সারা পৃথিবীতে ছড়িয়ে পড়ে ?

(a) মিশর (ইজিপ্ট) (b) পারস্য

(c) হাঙ্গেরি (d) ভারত

(iii) বেদেরা ক্রম অনুসারে কোন দেশ থেকে কোন দেশে ছড়ায় ?

(a) মিশর – ভারত – রাশিয়া

(b) মিশর – রাশিয়া – ভারত

(c) ভারত – মিশর – রাশিয়া

(d) ভারত – রাশিয়া – মিশর

(iv) 'দুষ্প্রাপ্য' শব্দের সমার্থক শব্দ কোনটি ?

(a) দুর্লভ (b) দুষ্কর

(c) দূরবর্তী (d) দূরাগত

B. 'ওই জন্যেই তো মধ্যে মধ্যে ভারি মুশকিল হয় স্যার । মাস ছয়েক আগে কী কান্ড করেছিলুম — জানেন ? ভিড়ের মধ্যে ট্রামে উঠেছি — পকেট মারব । একজনের পয়সা বাঁধা রুমালটা তুলে নিয়ে যেই ট্রাম থেকে লাফিয়ে পড়েছি — সঙ্গে সঙ্গে কে যেন বললে, 'পকেটমার পকেটমার' । লোকে তাড়া করলে — আমি টেনে দৌড় । রাস্তার ডানদিকের গলি ভুল করে বাঁ দিকে ছুটলুম — সোজা কোথায় ঢুকলুম গিয়ে জানেন ? থানার মধ্যে ।

— থানার মধ্যে ?

— তাতে দুঃখু ছিল না স্যার । আসলে গোলমালটা হল অন্য জায়গায় । যে রুমালটা অন্যের পকেট থেকে নিয়েছি ভেবেছিলুম — সেটা আমারই রুমাল । ভিড়ের ভেতর অন্যের ভেবে নিজেরই পকেট মেরেছি ! তাতে ছোটো ছোটো আ্লুভাজার মতো পাঁচটা নয়া পয়সা বাঁধা ছিল ।

— বল কী !

— লোকটা উত্তেজিত হয়ে বললে, একটা পাহারাওয়ালার কী আস্পর্ধা স্যার — আমাকে বলল, পাগল — করাচি চলে যা ।

বললুম, করাচি নয় — রাঁচি ।

লোকটা বললে, একই কথা স্যার ! তা আমার খুব রাগ হল । পাহারাওয়ালাকে বোঁ করে একটা ঘুঁষি মেরে বললুম, জানিস — আমি চোর, আমি হাজতে ঢুকব । — এই বলে জোর করে হাজতে ঢুকতে যাচ্ছি, সবাই মিলে আমাকে ধাক্কা দিয়ে রাস্তায় বের করে দিলে । আর সেই পাহারাওয়ালাটা ঘুঁষি খেয়েও দাঁত ছরকুটে হাসতে লাগল ।

— আমি মাথা নেড়ে বললুম, ভারি দুঃখের কথা ।

লোকটা বললে, এই জন্যেই তো মন খারাপ হয়ে যায় স্যার । কত কষ্ট করে চোর হয়েছি — এখন পাগল বললে কি ভালো লাগে — বলুন তো ?

(i) লোকটার প্রতি লেখকের কী মনোভাব প্রকাশ পেয়েছে ?

(a) সমবেদনার

(b) ঘৃণার

(c) বিরক্তির

(d) কৃতজ্ঞতার

(ii) লোকটা তার পেশার জন্য কী অনুভব করে ?

(a) লজ্জা

(b) বিরক্তি

(c) গর্ব

(d) অসহায়তা

(iii) পাহারাওয়ালাটা ঘুঁষি খেয়েও দাঁত ছরকুটে হাসছিল ।

কারণ (ক) : লোকটা বুক ফুলিয়ে নিজেকে চোর প্রমাণ করতে চাইছিল ।

কারণ (খ) : লোকটা চুরি করতে গিয়ে ধরা পড়ে গিয়েছিল ।

(a) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(b) কারণ (খ) ঠিক, কিন্তু (ক) ভুল

(c) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(d) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(iv) 'আমি টেনে দৌড় ।' – বাক্যটিকে সাধু ভাষায় লিখলে হবে

(a) আমি টানায়ে দৌড় ।

(b) আমি টানিয়ে দৌড় ।

(c) আমি টানাইয়া দৌড় ।

(d) আমি টানিয়া দৌড় ।

C. এক ভাই পুলিশে কাজ করেন । তাঁর বাসস্থান ছিল আমাদের ইস্কুলের লাগোয়া থানায় । এই পুলিশ ভাইয়ের দুই ছেলে সুকুমার ও শিশির পড়ত আমাদের ক্লাসে । এরা ইস্কুলে আসত পাঁচিল টপকে । সুকুমার আমাদের ক্লাসের সেরা দৌড়বাজ, দুবার পর পর হান্ড্রেড ইয়ার্ডসে জিতেছে । শিশিরটা মিচকে, বইয়ের সঙ্গে সম্পর্ক নেই, কিল চড় কানমলা তার দৈনিক বরাদ্দ, বিশেষ করে তার কাকার হাতে । মনোজবাবু পড়ানোর সময় চেয়ারে প্রায় বসেন না বললেই চলে; টেবিলে ঠেস দিয়ে মাটিতে দাঁড়িয়ে হাতে বই নিয়ে ক্লাস নেন । একটা অদ্ভুত মুদ্রাদোষ — মাঝে মাঝে ডান কাঁধটা ঝাঁকানি দিয়ে ওঠে আর ঘাড়টা ডাইনে হেলে পড়ে, যেন মাছি তাড়াচ্ছেন । আর প্রচন্ড অন্যমনস্ক । কখন যে কিসের কথা ভাবেন সে এক রহস্য । তার ওপর ঠোঁটের ডগায় লেগে আছে 'ভেরি গুড' । — ''একটু বাইরে যাব স্যার ?'' ''ভেরি গুড'' । আমরা চুপ । বাইরে যাবার মধ্যে ভেরি গুডের কী আছে ? পরক্ষণেই নিজের ভুল বুঝতে পেরে দাঁতে দাঁত চেপে বলেন, ''এই তো গেলি বাইরে, আবার কেন ?''

হেড পন্ডিতমশাই ভটচায্যি স্যারের কথা সবচেয়ে বেশি মনে পড়ে তাঁর হাতের লেখার জন্য । ব্ল্যাকবোর্ডে এত সুন্দর বাংলা লেখা আর কেউ লিখতে পারে বলে মনে হয় না ।

সেকেন্ড পন্ডিতমশাইকে কেন যে সবাই ভ্যান পন্ডিত বলত তার কারণ কোনোদিন জানতে পারিনি । নামকরণটা হয়ে গিয়েছিল আমি আসার আগেই । এঁকেও কোনোদিন হাসতে দেখেছি বলে মনে পড়ে না ।

(i) মনোজবাবু শিশিরকে রোজ কিল চড় মারতেন ।

কারণ (ক) : শিশির পাঁচিল টপকে স্কুলে আসত ।

কারণ (খ) : শিশির পড়ায় অমনোযোগী ছিল ।

(a) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল
(b) কারণ (খ) ঠিক, কিন্তু (ক) ভুল
(c) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক
(d) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(ii) বর্ণনা অনুযায়ী মনোজবাবু ছিলেন একজন —

(a) অমনোযোগী শিক্ষক এবং অলস মানুষ

(b) কর্তব্যপরায়ণ শিক্ষক কিন্তু অন্যমনস্ক মানুষ

(c) অত্যাচারী শিক্ষক এবং কান্ডজ্ঞানহীন মানুষ

(d) রসিক শিক্ষক কিন্তু বেরসিক মানুষ

(iii) মনোজবাবুর কার্যকলাপ পড়ে আমরা কী অনুভব করি ?

(a) কৌতুক

(b) ক্রোধ

(c) দুঃখ

(d) সহানুভূতি

(iv) নীচের কোন বাক্যে 'বরাদ্দ' শব্দটির সঠিক প্রয়োগ হয়েছে ?

(a) পুজোর সময় ধনী-গরিব সবার মন আনন্দে বরাদ্দ থাকে ।

(b) আমার বরাদ্দ কাজ সেরে ফেলেছি ।

(c) জিনিস-পত্রের দাম ক্রমশ বরাদ্দ হয়ে যাচ্ছে ।

(d) অনেক অনুরোধ সত্ত্বেও তাকে বরাদ্দ করা গেল না ।

D. শ্যামবাজারের রামধন মিশ্র লেনের বাড়িটাতে যখন এসেছিলুম তখন ছিলুম খুবই ছোটো । তার আগে ছিলুম গঙ্গার কাছাকাছি আহিরিটোলায় । সেটা ছিল ভাড়াবাড়ি — সেখানেই আমার জন্ম ১৯০৫ সালে । এই বাড়িটি আমার পূর্বপুরুষের সম্পত্তি । বাবা এই বাড়িতে বাস করেছেন, কিন্তু ঠাকুরদা এই বাড়িটি দেখেননি । ঠাকুরদা মারা যাওয়ার বহু বছর পর আমার ঠাকুরমা এটি কিনেছিলেন । তখন এই বাড়িটির দাম কত ছিল জানি না, হাজার দশ-পনেরো টাকা হয়তো হবে । এ পাড়ায় তখন এখানে-ওখানে অনেক জমি । কলকাতাতেই তখন কত ফাঁকা জায়গা । আমাদের এই রাস্তারই লাগোয়া একটা মাঠও ছিল — সেখানে আমরা ছোটোবেলায় সময় কাটিয়েছি অনেক ।

আমার ঠাকুরমা এই বাড়িটি কিনেছিলেন নিজেই । নিজেরই উপার্জিত টাকায় । এখন শুনতে হয়তো খুব একটা অদ্ভুত লাগে না, কোনও নারীর নিজের উপার্জনের টাকায় বাড়ি কেনা এখন আখচারই হয়ে থাকে, কিন্তু আমি যখনকার কথা বলছি, তখন সেটা ছিল আশ্চর্য ব্যাপার । ঠাকুরদা ছিলেন ডেপুটি ম্যাজিস্ট্রেট । তিনি ছিলেন বহুভাষাবিদ, শুনেছি তিনি ১৮টি ভাষা জানতেন । পাঁচটি সন্তান রেখে তিনি অকালে মারা যান । কিন্তু ঠাকুরমা ছিলেন মোটামুটি উচ্চশিক্ষিতা । তিনি ইংরেজি জানতেন, সংস্কৃত জানতেন । স্কুল-কলেজে পড়েননি — সেকালে কোনও কোনও বাড়িতে উচ্চশিক্ষা মেয়েরা বাড়িতেই পেতেন ।

ঠাকুরদা মারা গেলে অতগুলি সন্তানকে নিয়ে ঠাকুরমা কিন্তু অথৈ জলে পড়েননি । তিনি পঞ্জাবের নাভা স্টেটে সেখানকার মহারানির প্রাইভেট টিউটরের কাজ নিয়ে চলে যান পাঁচ সন্তানকে নিয়ে ।

(i) 'এই বাড়িটি আমার পূর্বপুরুষের সম্পত্তি ।' — কোন বাড়িটি ?

(a) যে বাড়িতে লেখক জন্মেছিলেন

(b) যে বাড়িতে লেখকের ঠাকুরদা মারা গিয়েছিলেন

(c) যে বাড়িতে লেখকের বাবা জন্মেছিলেন

(d) যে বাড়িতে লেখক খুব ছোটোবেলায় এসেছিলেন

(ii) 'আমার ঠাকুরমা এই বাড়িটি কিনেছিলেন নিজেই । নিজেরই উপার্জিত টাকায় ।' — এই উক্তির মধ্যে দিয়ে লেখক বোঝাতে চেয়েছেন যে তাঁর ঠাকুরমা ছিলেন একজন —

(a) সম্পদশালী নারী (b) অহংকারী নারী

(c) আত্মনির্ভর নারী (d) অবিবেচক নারী

(iii) ঠাকুরমা যখন পঞ্জাবে ছিলেন, তখন তাঁর সঙ্গে লেখকের

(a) ঠাকুরদা ছিলেন না কিন্তু বাবা ছিলেন

(b) বাবা ছিলেন না, কিন্তু ঠাকুরদা ছিলেন

(c) ঠাকুরদা এবং বাবা দুজনেই ছিলেন

(d) বাবা বা ঠাকুরদা কেউই ছিলেন না

(iv) 'তার আগে ছিলুম গঙ্গার কাছাকাছি আহিরিটোলায় ।' — বাক্যটি সাধুভাষায় রূপান্তরিত হলে 'তার আগে' শব্দ দুটি কী হবে ?

(a) তাহার অগ্রে (b) তাহার আগুতে

(c) তাহার পূর্বে (d) তাহার পূর্বাহ্নে

## SECTION B : Grammar

**2.** সন্ধি-বিষয়ক প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো । যে-কোনো ***দশটি*** । (Any ***10*** MCQ) *10×1=10*

(i) 'উচ্ছিষ্ট' শব্দটি সন্ধি-বিচ্ছেদ করলে কী হবে ?

(a) উচ্ + ছিষ্ট (b) উচ্ছ + ইষ্ট

(c) উৎ + শিষ্ট (d) উৎ + ছিষ্ট

(ii) 'সৎ + মার্গ' সন্ধিযুক্ত হলে কী হবে ?

(a) সদ্মার্গ (b) সত্মার্গ

(c) সম্মার্গ (d) সন্মার্গ

(iii) 'জীবন্মৃত' শব্দটিতে কোন দুটি ধ্বনি বা বর্ণের মধ্যে সন্ধি হয়েছে ?

(a) ব্ + ম (b) ৎ + ম

(c) ন্ + ম (d) ম্ + ঋ

(iv) নীচের কোন শব্দটিতে স্বর + ব্যঞ্জনধ্বনির সন্ধি হয়েছে ?

(a) দিগঙ্গন (b) উচ্চকিত

(c) অলঙ্কার (d) আচ্ছাদন

(v) সন্ধির ফলে বর্গের তৃতীয় বর্ণ বর্গের প্রথম বর্ণে পরিণত হওয়ার দৃষ্টান্ত কোনটি ?

(a) তৎপুরুষ (b) দিগ্গজ

(c) সদ্বংশ (d) বাগ্ধারা

(vi) ‘উজ্জ্বল’ শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে কী হবে ?

(a) উচ্ + জ্বল (b) উৎ + জ্বল

(c) উৎ + জল (d) উজ্ + জল

(vii) খাঁটি বাংলা সন্ধির নিয়মে ‘মিশকালো’ শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে কী হবে ?

(a) মিশ্ + কালো (b) মিশা + কালো

(c) মিশে + কালো (d) মিশি + কালো

(viii) ‘সন্ন্যাসী’ শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে –

(a) সৎ + ন্যাসী (b) সন্ + ন্যাসী

(c) সম্ + ন্যাসী (d) সদ্ + ন্যাসী

(ix) ‘মৃত্যুঞ্জয়’ পদটির পূর্বপদের শেষ ধ্বনি বা বর্ণ কোনটি ?

(a) উ (b) ন্

(c) ঞ্ (d) ম্

(x) কোন শব্দটিতে ‘ৎ + চ্’-এর সন্ধিবন্ধ রূপ দেখতে পাই ?

(a) উচ্চারণ (b) উচ্ছ্বাস

(c) তৎসম (d) উচ্ছৃঙ্খল

(xi) নীচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির দৃষ্টান্ত ?

(a) সঞ্চয় (b) দ্যুলোক

(c) চিন্ময় (d) অলঙ্কার

(xii) ‘শান্ত’ শব্দটি সন্ধি-বিচ্ছেদ করলে কী হবে ?

(a) শাম্ + ত (b) শান্ + ত

(c) শাঙ্ + ত (d) শা + অন্ত

**3.** বাক্যের গঠনগত পরিবর্তন সংক্রান্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো । যে-কোনো ***চারটি*** । (Any ***four*** MCQ) *4×1=4*

(i) তপনের নতুন মেসোমশাই একজন লেখক । — বাক্যটিকে জটিলবাক্যে পরিবর্তন করলে হবে

(a) তপনের নতুন মেসোমশাই একজন লেখক ছাড়া আর কেউ নন ।

(b) তিনি তপনের নতুন মেসোমশাই এবং তিনি একজন লেখক ।

(c) তপনের যিনি নতুন মেসোমশাই, তিনি একজন লেখক ।

(d) তিনি তপনের নতুন মেসোমশাই ছাড়াও একজন লেখক ।

(ii) যদি কেউ না আসে তবে একলা চলো । — বাক্যটিকে সরলবাক্যে পরিবর্তন করলে হবে

(a) কেউ না এলে একলা চলো ।

(b) কেউ এল না, একলা চলো ।

(c) কেউ এল না, তাই একলা চলো ।

(d) যেহেতু কেউ এল না, সেহেতু একলা চলো ।

(iii) বাবুটির স্বাস্থ্য গেলেও শখ ষোলো আনাই বজায় আছে । — বাক্যটিকে যৌগিকবাক্যে পরিবর্তন করলে হবে

(a) যদিও বাবুটির স্বাস্থ্য গেছে, তবুও শখ ষোলো আনাই বজায় আছে ।

(b) স্বাস্থ্য গেলেও বাবুটির যা শখ, তা ষোলা আনাই বজায় আছে ।

(c) স্বাস্থ্য যাওয়া সত্ত্বেও বাবুটির শখ ষোলো আনাই বজায় আছে ।

(d) বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে ।

(iv) নীচের কোন বাক্যটি জটিলবাক্য ?

(a) তিনি সেদিনই এলেন আর চলে গেলেন ।

(b) তিনি যেদিন এলেন, সেদিনই চলে গেলেন ।

(c) তিনি সেদিন এসে সেদিনই চলে গেলেন ।

(d) তিনি সেদিন এলেন, আবার সেদিনই চলে গেলেন ।

(v) নীচের কোন বাক্যটি যৌগিকবাক্য ?

(a) বিরক্ত হবার পরেও কিছুই মুখ ফুটে বলতে পারলাম না ।

(b) বিরক্ত হলাম, কিন্তু মুখ ফুটে কিছু বলতে পারলাম না ।

(c) বিরক্ত হলেও মুখ ফুটে কিছু বলতে পারলাম না ।

(d) বিরক্ত হওয়া সত্ত্বেও মুখ ফুটে কিছু বলতে পারলাম না ।

**4.** সাধু-চলিতভাষার রূপান্তর-বিষয়ক প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো । যে-কোনো ***চারটি*** । *4×1=4*

(i) বস্ত্রগুলির চেহারা দেখিয়াই বৃন্দাবন শিহরিয়া উঠিল । — বাক্যটিকে চলিতভাষায় রূপান্তিরত করলে হবে

(a) বস্ত্রগুলির চেহারা দেখেই বৃন্দাবন শিহরিয়া উঠল ।

(b) বস্ত্রগুলির চেহারা দেখেই বৃন্দাবন শিহরে উঠিল ।

(c) বস্ত্রগুলির চেহারা দেখেই বৃন্দাবন শিউরে উঠল ।

(d) বস্ত্রগুলির চেহারা দেখিবামাত্র বৃন্দাবন শিউরে উঠল ।

(ii) আমি হাঁ করে লোকটাকে দেখতে লাগলাম । — বাক্যটিকে সাধুভাষায় রূপান্তিরত করলে হবে

(a) আমি হাঁ করে লোকটাকে দেখিতে লাগলাম ।

(b) আমি হাঁ করিয়া লোকটাকে দেখিতে লাগিলাম ।

(c) আমি হাঁ করিয়া লোকটাকে দেখতে লাগিলাম ।

(d) আমি হাঁ করিয়া লোকটাকে দেখিতে লাগলাম ।

(iii) করোনা আমাদের জীবনের প্রতিটি কোণে থাবা বসিয়েছে । — এখানে 'বসিয়েছে' ক্রিয়াপদটির সাধু রূপ কী হবে ?

(a) বসিছে (b) বসাইছে

(c) বসিয়াছে (d) বসাইয়াছে

(iv) আমি উহাদিগকে আগে কখনও দেখি নাই । — 'উহাদিগকে'-র সবচেয়ে উপযুক্ত চলিত রূপ কোনটি ?

(a) ওদেরকে (b) তাদেরকে

(c) ওদিগকে (d) তাদিগকে

(v) মা শিশুটিকে দুধ খাওয়াইতেছেন । — বাক্যটির সঠিক চলিত ভাষারূপ কোনটি ?

(a) মা শিশুটিকে দুধ খাচ্ছেন ।

(b) মা শিশুটিকে দুধ খাইয়েছেন ।

(c) মা শিশুটিকে দুধ খাওয়াচ্ছেন ।

(d) মা শিশুটিকে দুধ খেয়েছেন ।

**SECTION C : Main Course Book**

**5.** পাঠ্য গল্প থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো । যে-কোনো ***পাঁচটি*** ।
(Any ***five*** MCQ) *5×1=5*

(i) লেখক আলোবাবুকে প্রথম কোথায় দেখেছিলেন ?

(a) রামবাবুর বাড়িতে

(b) অবিনাশবাবুর বাড়িতে

(c) হাসপাতালের আউটডোরে

(d) লেখকের বৈঠকখানায়

(ii) ‘..বেচারির খেতে দেরি হয়ে গেল আজকে.. ।’ — বেচারিটি কে ?

(a) বিনুর পালিত কুকুর-ছানা

(b) রামবাবুর গাইয়ের বাচ্চা

(c) আলোবাবুর ছোট্ট ঘড়িটি

(d) পাখির ছোট্ট আহত ছানাটি

(iii) তপন তার প্রথম গল্প লেখার কথাটা প্রথমেই ছোটোমাসিকে জানিয়েছিল ।

কারণ (ক) : ছোটোমাসির বর একজন লেখক ছিলেন ।

কারণ (খ) : ছোটোমাসি তার চিরকালের বন্ধু ছিল ।

(a) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(b) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(c) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(d) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(iv) মাসির বিয়ে হয়ে যাবার পরেও তপন মামার বাড়িতে আরো কিছুদিন রয়ে গেল কেন ?

(a) স্কুলে ছুটি চলছিল বলে

(b) হোমটাস্ক সেরে নেবে বলে

(c) নতুন মেসো রয়ে গেল বলে

(d) গল্প লিখবে বলে

(v) ‘মাঝে মাঝে সত্যিই উপোস করেন হরিদা ।’

কারণ (ক) : বহুরূপীর খেলা দেখিয়ে ভাতের হাঁড়ির দাবি মিটত না ।

কারণ (খ) : হরিদা নিয়মিত বহুরূপীর খেলা দেখাতে বেরোতেন না ।

(a) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(b) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(c) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(d) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(vi) হরিদা জগদীশবাবুর প্রণামীর একশো এক টাকা ফিরিয়ে দিলেন কেন ?

(a) এতে তাঁর স্বভাব নষ্ট হবে বলে

(b) এতে তাঁর অভিনয় নষ্ট হবে বলে

(c) এতে জগদীশবাবুর স্বভাব নষ্ট হবে বলে

(d) এতে জগদীশবাবুর সুনাম নষ্ট হবে বলে

(vii) আলোবাবুর মাধ্যমে লেখক প্রধানত কী দেখাতে চেয়েছেন ?

(a) স্নেহ মমতার বিশুদ্ধ রূপটিকে

(b) নির্বুদ্ধিতার নিরেট রূপটিকে

(c) অকর্মণ্যতার অসহ্য রূপটিকে

(d) পাগলামির হাস্যকর রূপটিকে

(viii) ‘খাঁটি মানুষ তো নয়, এই বহুরূপীর জীবন এর বেশি কী আশা করতে পারে ?’ — এখানে ‘বহুরূপীর জীবন’ বলতে হরিদা কী বোঝাতে চেয়েছেন ?

(a) প্রতারকের জীবন  (b) ভিখারির জীবন

(c) শিল্পীর জীবন  (d) বিরাগির জীবন

**6.** সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো । যে-কোনো ***পাঁচটি*** । (Any ***five*** MCQ) *5×1=5*

(i) সূর্যমন্দিরের বৃদ্ধ পুরোহিত ছিলেন –

(a) সূর্যের মতো শক্তিমান

(b) সূর্যের মতো উজ্জ্বল

(c) সূর্যের মতো একা

(d) সূর্যের মতো ভয়ানক

(ii) সুভাগা তাঁর ছেলে ও মেয়ের নাম রেখেছিলেন যথাক্রমে গায়েব ও গায়েবি ।

কারণ (ক) : তাদের জন্ম হয়েছিল রাতের অন্ধকারে ।

কারণ (খ) : তাদের জন্ম হয়েছিল সবার চোখের আড়ালে ।

(a) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(b) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(c) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(d) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(iii) সুভাগার বাবা কোথাকার ব্রাহ্মণ ছিলেন ?

(a) শ্যামনগরের (b) গুর্জরদেশের

(c) চন্দ্রাবতীর (d) বল্লভীপুরের

(iv) শিলাদিত্যের সঙ্গে তাঁর মন্ত্রী বিশ্বাসঘাতকতা করেছিল কেন ?

(a) পয়সার লোভে

(b) ক্ষমতার লোভে

(c) রাজ্যে ন্যায় প্রতিষ্ঠার স্বার্থে

(d) রাজ্যে শান্তি প্রতিষ্ঠার স্বার্থে

(v) মান্ডলিক গোহকে যুবরাজের পদে অভিষিক্ত করেছিলেন ।

কারণ (ক) : তাঁর নিজের কোনো সন্তান ছিল না ।

কারণ (খ) : তাঁর একমাত্র ভাই নিখোঁজ ছিল ।

(a) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(b) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(c) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(d) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(vi) মান্ডলিকের ভাই কত বছর নিখোঁজ থাকার পর ফিরে এসেছিল ?

(a) কুড়ি বছর পর (b) দশ বছর পর

(c) বারো বছর পর (d) ষোলো বছর পর

(vii) পুষ্পবতীর মৃত্যুর পর গোহ কার কাছে মানুষ হতে লাগল ?

(a) এক জাঠ রমণীর কাছে

(b) এক রাজপুত রমণীর কাছে

(c) এক ব্রাহ্মণীর কাছে

(d) এক ভিলনির কাছে

**PART B : Descriptive Type Questions** **40 Marks**

**SECTION B1 : Supplementary Reader/Non-detailed Text**

**7.** 'গল্প ছাপা হলে যে ভয়ঙ্কর আহ্লাদটা হওয়ার কথা, সে আহ্লাদ খুঁজে পায় না ।' — তপন সেই আহ্লাদ খুঁজে পেল না কেন ? *2*

**8.** 'সাতদিন হলো এক সন্ন্যাসী এসে জগদীশবাবুর বাড়িতে ছিলেন ।' — সন্ন্যাসী সম্পর্কে কী জানা যায় ? *2*

**9.** "চেহারা অবশ্য নামের উপযুক্ত নয় ।" — কার কথা বলা হয়েছে ? তার সম্পর্কে এ-কথা বলার কারণ কী ? *3*

**10.** "খুব হয়েছে হরি, এইবার সরে পড়ো ।" — কে বলেছিল ? কখন এবং কেন বলেছিল ? *3*

**অথবা (OR)**

"না – না আমি বলছি — তপনের হাত আছে । চোখও আছে ।" — কথাটা কে বলেছে ? বক্তা কীভাবে বুঝলেন যে তপনের হাত আর চোখ আছে ?

**11.** সূত্র ও প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখো । *5*

পূব আকাশে আস্তে-ধীরে আলোর ঘোমটা খোলে,
শক্ত সবুজ গাঁ ভেসেছে তিনপাহাড়ের কোলে ।

**অথবা (OR)**

আমাদের শিশুদের শব
ছড়ানো রয়েছে কাছে দূরে !

**12.** 'তোমার পানি আর আমার জল *2+3=5*
জীবনের জন্যে
একসঙ্গে একাকারে ভরে নিই ।'

(a) কবি এখানে 'তোমার' আর 'আমার' বলতে কাদের বুঝিয়েছেন ? পানি আর জলের মধ্যে মিল কোথায় ?

(b) 'জীবনের জন্যে' পানি আর জলকে একসঙ্গে ভরতে বলার অর্থ কী, বুঝিয়ে দাও ।

**13.** 'তিনি মনে-মনে বুঝলেন, গায়েবিকে এই পৃথিবীতে বেশিদিন ধরে রাখা যাবে না ।' *2+3=5*

(a) 'তিনি' কে ? গায়েবি কে ?

(b) তিনি কখন কীভাবে একথা বুঝলেন জানাও । প্রসঙ্গত, তার এই অনুমান ঠিক ছিল কিনা, তাও জানাও ।

**14.** 'বল্লভীপুরের রাজকুমার বল্লভীপুরের রাজপুতদের রাজা হয়ে এই মরুভূমিতেই থাকুন ।' *2+3=5*

(a) উক্তিটি কারা করেছিল ? বল্লভীপুরের রাজকুমার কাদের সন্তান ?

(b) উক্তিটি কোন প্রসঙ্গে করা হয়েছিল ? 'এই মরুভূমি' বলতে কোন মরুভূমির কথা বোঝানো হয়েছে ?

## SECTION B2 : Creative Writing

**15.** যে-কোনো ***একটি*** বিষয় অবলম্বন করে অনুচ্ছেদ রচনা করো । *5*

(a) শিক্ষা শুধু বই থেকে নয়, জীবনের অভিজ্ঞতা থেকেও নিতে হয়

(b) আমার প্রিয় বই বা গল্প; **অথবা** প্রিয় লেখক বা লেখিকা

**16.** তুমি রাজু বা রাজিয়া কলকাতায় থাকো । তোমার বন্ধু দেবু বা দেবী পাটনায় থাকে । এবার তোমাদের শহরে কীভাবে স্বাধীনতার ৭৫ তম বর্ষপূর্তি উদ্‌যাপিত হল জানিয়ে এবং এই ব্যাপারে পাটনা শহরের খবর জানতে চেয়ে বন্ধুকে একটি চিঠি লেখো । *5*

**অথবা (OR)**

তুমি শুভ বা শুভা । তোমরা শিলিগুড়ির বাসিন্দা । তোমার দাদা চাকরিসূত্রে দিল্লিতে থাকে । তাকে তোমাদের খবর জানিয়ে এবং তার খবরাখবর জানতে চেয়ে একটি চিঠি লেখো ।